# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : ভার্চুয়াল। |
| সভার তারিখ | : ২৭ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক জুম ক্লাউডে সংযুক্ত উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা প্রকৌশলী বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>১। উপজেলা পরিষদ, চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের , ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণের অফিস রুম ইনট্রেরিয়ার করার জন্য প্রস্তাব করেন।<br>২। উপজেলা নির্বাহী অফিসারের অফিস রুম (সকল), বাথরুম সংস্কার/মেরামত, বারান্দাসহ টাইলস, সিড়ি, ছাদ প্লাস্টার এবং নেট ফিনিশিং/জলছাদ করার জন্য প্রস্তাব করেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রস্তাবিত কাজ পিআইসি/ টেন্ডারের মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থ হতে কার্যক্রম সম্পন্ন করার<br>সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৩ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের বরাদ্দের বিপরীতে সকল কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তীর পর কার্যক্রম শুরু করা হবে। মহামারী করোনা ভাইরাসের ২য় ঢেউয়ের প্রার্দুভাব কালে ৩৩৩ এর মাধ্যমে যাচাই পূর্বক ত্রাণ কার্যক্রম অব্যাহত রয়েছে। এ ছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কর্মসূচীর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,<br>প্রণোদনা ও পুনর্বাসন: আমন ধানের ফলনের কার্যক্রম পুরোদমে চলমান রয়েছে। সার ও কীটনাশকের কোনো ঘাটতি নেই। পরবর্তীতে সরকার কর্তৃক বিনামূল্যে সার এবং ভর্তুকী পাওয়া মাত্রই কৃষকদের মাঝে তা বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>তাছাড়া অন্যান্য বিভাগীয় কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত মনিটরিং করতে হবে। চাষীদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, Corona Virus প্রতিরোধে সরকার সিদ্ধান্ত নেন যে, জুন/২০২১ খ্রি. মাসে পরবর্তী ভ্যাকসিন প্রাপ্তি এবং সরকারী নিদের্শনা মোতাবেক বাস্তবায়ন করা হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ৫ শয্যা বিশিষ্ট আইসোলেশন ওয়ার্ড চালু অব্যহত আছে। সর্দি, কাশি, সাধারণ জ্বর সম্পর্কিত চিকিৎসা দেয়ার জন্য আলাদা রুমের ব্যবস্থা করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল চিকিৎসক, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বাস্থ্য মন্ত্রণালয় ও সরকারের নির্দেশনা অনুযায়ী স্বাভাবিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | Corona Virus সহ অন্যান্য বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, গফরগাঁও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৬ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর চিকিৎসা, কৃত্তিম প্রজনন বিভিন্ন সম্প্রসারণ কার্যক্রম চলমান। চলতি মাসে গবাদি পশুর বিভিন্ন সংক্রামক রোগ প্রতিরোধে বিভিন্ন গ্রামে ক্ষুরা রোগ, তড়কা রোগ, বাদলা রোগ ও লাম্পি স্কিন ডিজিজ প্রতিরোধে ভ্যাকসিনেশন ক্যাম্পেইন করার মাধ্যমে সংক্রামক রোগের প্রাদুর্ভাব অনেকাংশে কমে এসেছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মোবাইল ফোনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | **উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, "নিরাপদ মাছে ভরবো দেশ, মুজিব বর্ষে বাংলাদেশ" এ স্লোগানকে সামনে রেখে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ এই কোভিড-১৯ মহামারীর মধ্যেও মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ও দেশের অর্থনীতিতে অবদান রাখতে অফিস ও মাঠ পর্যায়ে নিরলস কাজ করে যাচ্ছি। মাছ চাষিদের সেবা, পরামর্শ, প্রশিক্ষণ সহ অন্যান্য কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে সম্পাদন করা হচ্ছে। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | চাষীদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |

<table>
<tr><td>০৮</td><td><u>উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি):</u> নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য নিরলস ভাবে কার্যক্রম চলমান এবং বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও</td></tr>
<tr><td>০৯</td><td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, অনলাইনের মাধ্যমে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে।</td><td>সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td></td><td colspan="3">শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারীদের নিরাপদে এবং কোভিড-১৯ এর বিস্তার রোধে সহায়তা করতে পারে এরূপ নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণ পূর্বক শিক্ষা প্রতিষ্ঠান খোলার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:<br>• শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালে সকল শিক্ষার্থী, শিক্ষক, স্টাফ ও সংশ্লিষ্ট সকলের সর্বদা মাস্ক পরিধানের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>• শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা কার্যক্রম পরিচালনা এবং সংশ্লিষ্ট অন্যান্য নির্দেশিত (৩ফুট) শারীরিক দূরত্ব বজায় রাখা।<br>• একসাথে অধিক সংখ্যক মানুষের জমায়েত নিরুৎসাহিত করা ।<br>• শিক্ষা প্রতিষ্ঠানে নির্দিষ্ট সময় পর পর নিয়ম মেনে সাবান দিয়ে হাত ধোয়ার/ পরিষ্কারের ব্যবস্থা করা<br>• হাঁচি কাশির শিষ্টাচার পালন করা ও উৎসাহিত করা।<br>• শিক্ষা প্রতিষ্ঠানের মেঝেসহ সকল এলাকা প্রতিদিন নিয়মতি পরিষ্কার ও জীবানুমুক্ত করা।<br>• শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পানি , স্যানিটেশন এবং বর্জ ব্যবস্থাপনার সুবিধা রাখা এবং পরিচ্ছন্ন ও দূষণ মুক্ত পরিবেশ রাখার পদ্ধতি অনুসরণ করা।<br>• শরীরে তাপমাত্রা পরিমাপ করা এবং কেহ অসুস্থ্য / আক্রান্ত থাকলে/ হলে তাৎক্ষনিক ব্যবস্থার পাশাপাশি কন্টাক্ট ট্রেসিং করে অন্যদের সুরক্ষা নিশ্চিত করা।<br>• শিক্ষা প্রতিষ্ঠান ও কমিউনিটির মধ্যে নিয়মিত যোগাযোগ ও সহযোগীতার মাধ্যমে গুজবের আতংক ও মহামারির বিস্তার রোধে শিক্ষার্থীদের সকলের অংশগ্রহণ নিশ্চিত করা। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক।</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্ডেন স্কুল গুলো বর্তমানে বিভাগীয় চিঠির প্রেক্ষিতে বন্ধ রয়েছে। সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের মাধ্যমে বাড়ি বাড়ি গিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষকদেরকে নিয়ে উঠান বৈঠকের মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u><br>উপজেলা সমাজসেবা অফিসারসভায় জানান যে, মুক্তিযোদ্ধাদের এমআইএস কার্যক্রম যাচাই বাছাইয়ের কাজ দ্রুত সম্পন্ন হয়েছে। ভাতা কার্যক্রম শতভাগ নিশ্চিত করার কার্যক্রম চলমান। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় সকল কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>১২</td><td><u>বিআরডিবিঃ</u><br>০১। <u>মূল কর্মসূচি:</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, সমিতি/ দলের সুবিধাভোগীদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত আছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।<br>০২। <u>পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):</u>উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>
<table>
<tr><th rowspan="2">বিবরণ</th><th colspan="3">অর্থ বছর</th><th colspan="3">ক্রম বর্ধিত</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th><th>লক্ষমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th></tr>
<tr><td>সমিতি গঠন</td><td>০৩</td><td>০০</td><td>০০</td><td>৮২</td><td>৮০</td><td>৯৯%</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>২৪</td><td>৬২</td><td>১০০%</td><td>২২০০</td><td>২০০০</td><td>৯৯%</td></tr>
<tr><td>শেয়ার আদায়</td><td>.৫০</td><td>.৬৬</td><td>১০০%</td><td>৮.২৫</td><td>৮.১৫</td><td>১০০%</td></tr>
<tr><td>সঞ্চয় আদায়</td><td>৩.৫০</td><td>১.৭৫</td><td>৫১%</td><td>৩০.০০</td><td>২৯.৯৫</td><td>৯৯%</td></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>১৪০.০৫</td><td>৩৮.১০</td><td>৪৩%</td><td>৩৬৪.১৪</td><td>৫০৪.১৯</td><td>১০০%</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১১৬.৯৮</td><td>৩৩.০২</td><td>২৮%</td><td>৫০০.০৫</td><td>৪৩৫.০৫</td><td>৮২%</td></tr>
<tr><td>খেলাপী</td><td>০০</td><td>৭৭.০০</td><td>০০</td><td>০০</td><td>৬৭.০০</td><td>০০</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।<br><br>২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br><br>উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)</td></tr>
<tr><td></td><td>৩) <u>আমার বাড়ি আমার খামার:</u><br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে অত্র কার্যালয় হতে ১০০.২০ (এক কোটি বিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১০০.০১ (এক কোটি এক লক্ষ) টাকা আদায় করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>৩। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td><td>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার</td></tr>
<tr><td>১৩</td><td><u>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ চক্রের ভিজিডি কর্মসূচীর আওতায় গফরগাঁও উপজেলার ১৫টি ইউনিয়নের ২৫০২ উপকারভোগীর তালিকা সম্পন্ন হয়েছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>ভিজিডি চাল যথাসময়ে বিতরণকরার জন্য ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৪</td><td><u>উপজেলা খাদ্য বিভাগ:</u> অনুপস্থিত।</td><td>আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুন/২০২১ মাসে সক্ষম দম্পতি ৯২,০০০ জন। মাঠ পর্যায়ে ৪২,০০০ চক্র খাবার বড়ি, পিস কনডম ৭২০০ ডোজ, ইনজেকশন ২৭০০, আই.ইউ.ডি ৫৫ পিস, জনকে ইমপ্লান্ট ৯৫। জন স্থায়ী পদ্ধতি পুরুষ ০২ জন, মহিলা ০৪ জন মোট ০৬ জন। স্বাভাবিক ডেলিভারী ১১৫। পদ্ধতি গ্রহণকারী ৭৫,৫০০ জন এবং উপজেলার পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ৯২.০০%। মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, নিয়মিতভাবে সমবায় সমিতির অডিট ও পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় নিয়মিত হচ্ছে। মে/২০২১ ও জুন/২০২১ মাসে আলতাফ হোসেন গোলন্দাজ আশ্রয়ণ প্রকল্পে ৭২ জন সদস্যকে ৩০,০০০/- টাকা করে ঋণ প্রদান করা হয়েছে। ঘুর্নমান তহবিল হতেএ পর্যন্ত ৩৬,০০,০০০/- (ছয়ত্রিশ লক্ষ) টাকা ঋণ প্রদান করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২।সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৩৯০টি সাব-মারসিবল পাম্প জলাধারসহ স্থাপন কাজ প্রায় ৯৫ ভাগ সম্পন্ন হয়েছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নিমার্ণের কাজও প্রায় ৯০ ভাগ সম্পন্ন হয়েছে। বাকী কাজ চলমান রয়েছে। করোনা ভাইরাস প্রতিরোধে উপজেলার বিভিন্ন স্থানে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৮ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, কোভিড ১৯ জনিত কারণে কার্যালয়ের কার্যক্রমের গতি ব্যহত হয়েছে। বর্তমানে তা কাটিয়ে উঠার চেষ্টা করা হচ্ছে। ঋণ তহবিলের ঘাটতির কারণে টার্গেট অনুযায়ী ঋণ প্রদান করা সম্ভব হয়নি। কর্মসংস্থান ব্যাংকের সাথে যুব উন্নয়ন অধিদপ্তরের সঙ্গে ঋণ প্রদানের এমওইউ থাকলেও "বঙ্গবন্ধু যুব ঋণ" প্রদান সন্তোষজনক নয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৯ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২০ | **উপজেলা উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, এ কার্যালয়ের জানুয়ারি/২০২১ মাস থেকে জুন/২০২১ মাস পর্যন্ত ৯৪টি সমিতির সর্বমোট ৩৫৫১ জন সদস্য আছে। উক্ত সদস্যদের মাঝে এ পর্যন্ত ৩২০.১৩ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায়ের হার ৯৮%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ১। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপিঃ**<br>প্রশিক্ষিকা, আনসার ও ভিডিপি সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আনসার ও ভিডিপি বাহিনী থানার সাথে সমন্বয় করে সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | করোনা ভাইরাস বিস্তার রোধ ও আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকবে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২২ | **পল্লী বিদ্যুৎ বিভাগঃ** অনুপস্থিত। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ/ |
| ২৩ | **ইসলামিক ফাউন্ডেশনঃ**<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, গত ১০ জুন/২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ৫৬০ টি মডেল মসজিদের মধ্যে ৫০ টি মডেল মসজিদ উদ্বোধন করেছেন। এর মধ্যে গফরগাঁও মডেল মসজিদটি উদ্বোধন হয়েছে। উক্ত উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য মহোদয় উপস্থিত থেকে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষে মডেল মসজিদ উদ্বোধন করেন। করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি এবং দোয়া করার জন্য গফরগাঁও উপজেলার সকল মসজিদের ইমাম সাহেবদের উদ্বুদ্ধ করা হচ্ছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৪ | **উপজেলা তথ্য কেন্দ্রঃ**<br>তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপা প্রকল্পের তথ্য আপাদের ডোর টু ডোর এবং উঠান বৈঠক ইত্যাদি কার্যক্রম জুন/২০২১ তারিখে কোভিট ১৯ এর জন্য স্থগিত ছিল। যা পুনঃরায় সীমিত আকারে স্বাস্থ্যবিধি মেনে শুরু হয়েছে। এখন থেকে প্রতি মাসে ২৫ জন মহিলা নিয়ে মাসে ২টি করে উঠান বৈঠক অনুষ্ঠিত হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জুন/২০২১ মাসের শেষ আংশিক ও জুলাই/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =১০,০০০/-(দশ হাজার) টাকা।<br>২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও এর জুন/২০২১ মাসের শেষ আংশিক ও জুলাই/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৭,০০০/-( সাত হাজার) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জুন/২০২১ মাসের শেষ আংশিক ও জুলাই/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৭,০০০/-(সাত হাজার) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জুন/২০২১ মাসের শেষ আংশিক ও জুলাই/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের এডিপি'র বকেয়া বিজ্ঞপ্তি বিল "দৈনিক সংবাদ প্রতিদিন" এর বিল বাবদ =৩৯,৩৭৬/-( উনচল্লিশ হাজার তিনশত ছিয়াত্তর ) টাকা বকেয়া রয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | বকেয়া বিজ্ঞপ্তি বিল বাবদ =৩৯,৩৭৬/- (উনচল্লিশ হাজার তিনশত ছিয়াত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের ভবন নং ২ ও ৩ পুন:নিলাম বিজ্ঞপ্তি:<br>১। (ক) " দৈনিক মানব জমিন' পত্রিকার বিল বাবদ =২৪,৮৪০/- (চব্বিশ হাজার আটশত চল্লিশ) টাকা।<br>(খ) "DHAKA TRIBUNE" পত্রিকার বিল বাবদ =২৪,৯৭৮/- (চব্বিশ হাজার নয়শত আটাত্তর) টাকা।<br>(গ) "দৈনিক কালের কণ্ঠ" পত্রিকার বিল বাবদ =১৮,৬৩০/- (আঠার হাজার ছয়শত ত্রিশ) টাকা।<br>২। এডিপি' বিজ্ঞপ্তি নং-০৪<br>(ক) " দৈনিক সমকাল' পত্রিকার বিল বাবদ =৩৩,১২০/- (তেত্রিশ হাজার একশত বিশ) টাকা।<br>(খ) "দৈনিক জাহান" পত্রিকার বিল বাবদ =৩১,৭৪০/- (একত্রিশ হাজার সাতশত চল্লিশ) টাকা<br>(গ) "DHAKA TRIBUNE" পত্রিকার বিল বাবদ =৪২,৪৬২/- (বিয়াল্লিশ হাজার চারশত বাষট্টি) টাকা।<br>(ঘ) "দৈনিক সমকাল" পত্রিকার বিল বাবদ =১৫,৫২৫/- (পনের হাজার পাঁচশত পঁচিশ) টাকা। (সংশোধন)<br>৩। আনসার ক্যাম্প নির্মাণ বিজ্ঞপ্তি নং- ০৫<br>(ক) " দি ডেইলি অবজারভার" পত্রিকার বিল বাবদ =১৭,৪৮৪/- (সতের হাজার চারশত চুরাশি) টাকা।<br>(খ) "যায় যায় দিন" পত্রিকার বিল বাবদ =৩০,৯৯৬/- (ত্রশ হাজার নয়শত ছিয়ানব্বই) টাকা। | উল্লিখিত পত্রিকার বিজ্ঞপ্তি বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৪ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার হঠাৎ নষ্ট হয়ে যাওয়ায় জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। মেরামত করতে আনুমানিক =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার মেরামত বাবদ =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০৫ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের সাব-মারসিবল পাম্পের বৈদ্যুতিক সুইচ বোর্ড জ্বলে যাওয়ায় জরুরী ভিত্তিতে ক্রয় করে সংযোগ দেয়া প্রয়োজন। ক্রয় করতে আনুমানিক =৭,০০০/- (সাত হাজার) টাকা প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের সাব-মারসিবল পাম্পের বৈদ্যুতিক সুইচ বোর্ড ক্রয় বাবদ=৭,০০০/- (সাত হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় জানান যে, মহামারী করোনা ভাইরাসের ২য় ঢেউ মোকাবেলায় সবাইকে সচেতন থেকে কাজ করতে হবে এবং অপরকেও সচেতন থাকার পরামর্শ দিতে হবে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের দিক নির্দেশনা অনুযায়ী সকলকে উন্নয়নমূলক কাজ করতে হবে। | সকলের সহযোগীতা র মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৭/২০২১

(মোঃ আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২১-৭৪২/১(৬০)

তারিখ: ২৭.০৭.২০২১ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, .......................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ...................................................................................................................।
১০। অফিস কপি।

২৭.০৭.২০২১

(মোঃ তাজুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।